যশোর বোর্ড-২০১৭

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব শাহীন একজন নতুন বিনিয়োগকারী। তিনি ২৫,০০,০০০ টাকা মূলধন নিয়ে শেয়ার ব্যবসায় আরম্ভ করেন। তিনি ২৫,০০,০০০ টাকা দিয়ে আশা কোম্পানির শেয়ার ক্রয় করেন। পোশাক শিল্পে অগ্নিকাণ্ডের ফলে জনাব শাহীনের লাভের পরিবর্তে মূলধন হ্রাস পেল। আর্থিক অবস্থার কথা ভেবে একজন বিনিয়োগ পরামর্শদাতার নিকট পরামর্শ চাইলে তিনি পরবর্তীতে একাধিক প্রকল্পে বিনিয়োগ করার পরামর্শ দেন।

ক. অর্থায়ন কী? ১

খ. মুনাফা সর্বোচ্চকরণ বলতে কী বোঝ? ২

গ. শাহীনের বিনিয়োগে অর্থায়নের কোন নীতিটি লজ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শাহীনকে একাধিক প্রকল্পে বিনিয়োগের পরামর্শ কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

২.▶ বাংলাদেশের শেয়ার বাজার অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশে দুটি শেয়ার বাজার রয়েছে। এখানে প্রতিদিনের লেনদেনের পরিমাণও বেশি। দুটি শেয়ার বাজারকে একটি সরকারি প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ করে। দেশের ব্যবসায়-বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠানে বিনিয়োগ বৃদ্ধিতে প্রতিষ্ঠানটি কাজ করছে।

ক. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী সংস্থা কোনটি? ১

খ. প্রাথমিক বাজার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন দুটি শেয়ার বাজারের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে যে সরকারি প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে তার ভূমিকা বর্ণনা করো। ৪

৩.▶ জনাব আসলাম ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য একটি ব্যাংকে জমা রাখতে চান। তার নিকট দুটি বিকল্প আছে। যমুনা ব্যাংক ১৫% হারে চক্রবৃদ্ধি

সুদ প্রদান করবে এবং প্রাইম ব্যাংক ১৪% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝ? ২

গ. জনাব আসলাম মেয়াদ শেষে যমুনা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব আসলাম কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন? ব্যাখ্যা করো। ৪

৪.▶ একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ২০১৬ সালের ৩০ জুন তারিখের বিক্রয় ও ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বিক্রয়	১৫,০০০ প্যাকেট
বিক্রয়মূল্য (প্রতি প্যাকেট)	১০ টাকা
পরিবর্তনশীল ব্যয় (প্রতি প্যাকেট)	৫ টাকা
মোট স্থির ব্যয়	৫০,০০০ টাকা

ক. অনুপাত বিশ্লেষণ কী? ১

খ. পরিবর্তনশীল ব্যয় বলতে কী বোঝ? ২

গ. প্রতিষ্ঠানটির সমচ্ছেদ বিন্দু কত? ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি কত প্যাকেট উৎপাদন করলে নিরাপত্তা সীমায় পৌঁছতে পারবে? ৪

৫.▶ জনাব সজিব একজন ব্যবসায়ী। তিনি ২/১৫, N-৪৫ এই শর্তে ব্যবসায় ঋণ অথবা ১২০ দিন মেয়াদি বাণিজ্যিক কাগজ এর মাধ্যমে ঋণ নিতে পারেন। প্রতিটি বাণিজ্যিক কাগজের লিখিত মূল্য ১০০ টাকা এবং বিক্রয়মূল্য ৯৫ টাকা।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১

খ. ব্যবসায় ঋণ বলতে কী বোঝ? ২

গ. বাণিজ্যিক কাগজের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব সজিবের জন্য ব্যবসায় ঋণ ও বাণিজ্যিক কাগজের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত? মন্তব্য করো। ৪

৬.▶ জনাব আবীর একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি ১০ বছর মেয়াদি ১০% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। বন্ডটির লিখিত মূল্য ১০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. শেয়ার কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝ? ২
গ. বন্ডের মূল্য নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব আবীরের বন্ডে বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৭. ▶ সনি কোম্পানি লিমিটেড-এর মূলধন কাঠামো নিম্নরূপ :

মূলধনের উৎস	টাকার পরিমাণ
সাধারণ শেয়ার	১০,০০,০০০
১০% অগ্রাধিকার শেয়ার	২,৫০,০০০
১৪% ঋণপত্র	৭,৫০,০০০
	২০,০০,০০০

প্রতিটি সাধারণ শেয়ারের বিক্রয়মূল্য ৫০ টাকা। এই বছর প্রত্যাশিত আয়ের হার ৪ টাকা। লভ্যাংশ প্রবৃদ্ধির হার ৫%। কোম্পানির কর হার ৪০%।
ক. কাম্য মূলধন কাঠামো কী? ১
খ. উত্তরণ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় কত? ৩
ঘ. উদ্দীপকে কোম্পানির ভার আরোপিত মূলধন ব্যয় নির্ণয় করে তা বিশ্লেষণ করো। ৪

৮. ▶ হাসান কোম্পানির বিনিয়োগ প্রকল্প নিম্নরূপ :

প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ	১,০০,০০০ টাকা
প্রকল্পের মেয়াদ	৫ বছর
ভগ্নাবশেষ মূল্য	শূন্য

করপরবর্তী নগদ প্রবাহ :

বছর	পরিমাণ (টাকা)
১ম	৬০,০০০
২য়	৩০,০০০
৩য়	২০,০০০
৪র্থ	৫০,০০০
৫ম	৫০,০০০

কোম্পানির মূলধন ব্যয় ১০%। প্রকল্পের অবচয় স্থির কিস্তি পদ্ধতি হিসাবভুক্ত

হয়। কোম্পানির কর হার ৪০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝ? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. হাসান কোম্পানির উক্ত প্রকল্পটিতে বিনিয়োগ করা কি উচিত? মন্তব্য করো। ৪

৯. ▶ নাবিলা স্টক A ও স্টক B সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

অর্থনৈতিক অবস্থা	সম্ভাবনা	আয়ের হার	
		স্টক-A	স্টক-B
মন্দাভাব	২০%	১৫%	২০%
স্বাভাবিক অবস্থা	৫০%	২০%	৩০%
চাঙ্গাভাব	৩০%	৬০%	৪০%

ক. পোর্টফোলিও কী? ১

খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝ? ২

গ. স্টক A এর পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে কোন স্টকটি বেশি ঝুঁকিপূর্ণ? মন্তব্য করো। ৪

১০. ▶ জনাব সালাম জনতা ব্যাংক থেকে বার্ষিক ১২% হার সুদে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। আগামী ৫ বছর প্রত্যেক বছর শেষে ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. ঋণসূচি বলতে কী বোঝ? ২

গ. ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. প্রত্যেক বছরের শুরুতে কিস্তি প্রদান করলে কিস্তির পরিমাণে কী প্রভাব পড়বে? ৪

১১. ▶ ময়না কোম্পানি লিমিটেড একটি বৃহৎ প্রতিষ্ঠান। কোম্পানির স্বল্পমেয়াদি অর্থায়নের প্রয়োজন হওয়ায় ৯০ দিন মেয়াদি বাণিজ্যিক পত্র বিক্রয় করে। কোম্পানি লিখিত মূল্যের চেয়ে কম মূল্যে বাণিজ্যিকপত্র বিক্রয় করে।

ক. বাণিজ্যিক পত্র কী? ১

খ. আর্থিক বাজার বলতে কী বোঝ? ২

গ. ময়না কোম্পানি কোন বাজারে বাণিজ্যিক পত্র বিক্রি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ময়না কোম্পানি লিমিটেড বাজারে কম মূল্যে বাণিজ্যিকপত্র বিক্রয় করার কারণ কী? বিশ্লেষণ করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. বার্ষিক চক্রবৃদ্ধির ধারা কোনটি?
ক) ৬৯ খ) ৭০
গ) ৭১ ঘ) ৭২

২. কোনটি মুদ্রা বাজারের হাতিয়ার?
ক) ঋণপত্র খ) শেয়ার
গ) বাণিজ্যিক পত্র ঘ) বন্ড

৩. মাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে m এর মান কত?
ক) ১২ খ) ৬
গ) ৪ ঘ) ২

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. শফিক একজন খামারী। খামার ব্যবসা ঝুঁকিপূর্ণ জেনেও তিনি দুগ্ধ খামার, মুরগির খামার ও কোয়েলের খামারে বেশ কিছু অর্থ বিনিয়োগ করেন। এককভাবে একটি খামারে বিনিয়োগের মাধ্যমে অনেকে ক্ষতিগ্রস্ত হলেও তিনি মুনাফা লাভে সক্ষম হন।

৪. মি. শফিক বিনিয়োগের কোন নীতি গ্রহণ করেছেন?
ক) ঝুঁকি ও আয়ের নীতি
খ) তারল্য ও মুনাফার নীতি
গ) ব্যয় নিয়ন্ত্রণ নীতি
ঘ) পোর্টফলিও বৈচিত্র্যায়ন নীতি

৫. শফিকের একাধিক খামারে বিনিয়োগের ফলে—
i. ঝুঁকি কম হয়েছে
ii. লাভ বেশি হয়েছে
iii. খামার পরিকল্পনা সহজ হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ঋণের ব্যয় প্রভাবিত হয় কোনটির দ্বারা?
ক) লভ্যাংশ খ) মুদ্রা সংকোচন
গ) মুদ্রাস্ফীতি ঘ) কর হার

৭. মি. সাব্বির ৫% সরল সুদে ১৬০০ টাকা ধার করেন। ৩ বছরে তাকে কত টাকা সুদ দিতে হবে?
ক) ২৬০ টাকা খ) ২৪০ টাকা
গ) ২৩০ টাকা ঘ) ২২০ টাকা

৮. মানি লন্ডারিং প্রতিরোধ আইন কোন সালে চালু হয়?
ক) ১৯৯১ খ) ১৯৯২
গ) ২০০১ ঘ) ২০০২

৯. IPO এর সঠিক রূপ কোনটি?
ক) Important Police Officer
খ) Initial Public Offering
গ) Internal Public Offer
ঘ) International Police Officer

১০. লভ্যাংশ বৃদ্ধি মডেলের সূত্র কোনটি?
ক) $Ke = \frac{D_1}{P_0} + g$ খ) $Ke = \frac{D_0}{P_0} + g$
গ) $Ke = \frac{D_1}{P_0} - g$ ঘ) $Ke = \frac{D_1}{P_1} + g$

১১. ঋণ মূলধন ব্যবহার করলে হয়—
ক) সুদহ্রাস খ) বেশি লাভ
গ) করহ্রাস
ঘ) শেয়ারের মূল্য বৃদ্ধি

১২. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির প্রথম কৌশল কোনটি?
ক) ARR খ) NPV
গ) IRR ঘ) PBP

১৩. সরল সুদ কিসের উপর গণনা করা হয়?
ক) আসল খ) সুদাসল
গ) মুনাফা ঘ) ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. সৌমিক একটি মিষ্টির দোকান দিলেন। দোকান পরিচালনার ক্ষেত্রে অর্থ-সংকট দেখা দিলে তিনি তিন বছরের জন্য ঋণ গ্রহণের পরিকল্পনা করলেন।

১৪. মি. সৌমিক কোন ধরনের ঋণ গ্রহণ করবেন?
ক) স্বল্পমেয়াদি খ) মধ্যমেয়াদি
গ) দীর্ঘমেয়াদি ঘ) নগদ ঋণ

১৫. মি. সৌমিকের ঋণ গ্রহণের সর্বোত্তম মাধ্যম কোনটি?
ক) বাণিজ্যিকপত্র খ) মধ্যমেয়াদি ঋণ
গ) বাণিজ্যিক ব্যাংক ঘ) ক্রেডিট কার্ড

১৬. স্বল্পমেয়াদি আর্থিক দলিল কোনটি?
ক) মিউচুয়াল ফান্ড খ) ট্রেজারি বিল
গ) বন্ড ঘ) ঋণপত্র

১৭. ব্যবসায় ঋণ কোন ধরনের ঋণ?
   ক) নগদ ঋণ   খ) জমাতিরিক্ত ঋণ
   গ) সাধারণ ঋণ   ঘ) জামানতহীন ঋণ

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
মেসার্স মনিকা ট্রেডিং ৫ বছরের জন্য ১৫ লক্ষ টাকা অগ্রণী ব্যাংক হতে ঋণ নিলেন। প্রতিষ্ঠানটি বেলুন পদ্ধতির মাধ্যমে সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে চায়।

১৮. বার্ষিক আসল কিস্তির পরিমাণ কত?
   ক) ৩০,০০০ টাকা   খ) ৩,০০,০০০ টাকা
   গ) ৩,২০,০০০ টাকা   ঘ) ৩,৩০,০০০ টাকা

১৯. ৫ বছর পর মনিকা ট্রেডিং এর ঋণ কত থাকবে?
   ক) ০ (শূন্য) টাকা   খ) ১ লক্ষ টাকা
   গ) ২ লক্ষ টাকা   ঘ) ৩ লক্ষ টাকা

২০. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে–
   ক) সমমুখী   খ) বিপরীতমুখী
   গ) নিরপেক্ষ   ঘ) সমানুপাতিক

২১. মেসার্স আসলাম ট্রেডিং-এর হিসাব বই থেকে চলতি সম্পদ ১৬,০০,০০০ টাকা ও চলতি দায় ৯,০০,০০০ টাকা পাওয়া গেল। উক্ত প্রতিষ্ঠানটির চলতি অনুপাত কত?
   ক) ১.৭৮ : ১   খ) ১.৭৭ : ১
   গ) ১.৭৬ : ১   ঘ) ১.৭৫ : ১

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. এমরান এ্যারোমা ফুড লি.-এর একজন ব্যবস্থাপক। তিনি উক্ত প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী বিশ্লেষণ করেন।

২২. তিনি যে সিদ্ধান্তগুলো নেন–
   i. অর্থসংস্থান সিদ্ধান্ত
   ii. লভ্যাংশ সিদ্ধান্ত
   iii. বিনিয়োগ সিদ্ধান্ত
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৩. শেয়ারহোল্ডারগণ আর্থিক বিশ্লেষণের মাধ্যমে কি জানতে পারেন?
   ক) মুনাফা লাভের দক্ষতা
   খ) আর্থিক অবস্থা
   গ) নীতি প্রণয়নের তথ্য
   ঘ) প্রতিষ্ঠানের খারাপ দিকগুলি

২৪. অর্থসংস্থানের বাহ্যিক উৎস কোনটি?
   ক) DG`ÅvÚvG`i gfjab   খ) অবচয়
   গ) আর্থিক প্রতিষ্ঠান   ঘ) সংরক্ষিত আয়

২৫. নিচের কোন কাজটি অর্থায়নের সাথে জড়িত?
   ক) অর্থ সংরক্ষণ
   খ) ব্যাংক নিয়ন্ত্রণ
   গ) তথ্য সরবরাহ
   ঘ) ব্যাংক হিসাব খোলা

২৬. আয় নিশ্চিত থাকে কোনটিতে?
   ক) সাধারণ শেয়ারে
   খ) সরকারি বন্ডে
   গ) সরকারি প্রতিষ্ঠানের শেয়ারে
   ঘ) কর্পোরেট বন্ডে

২৭. ঋণের সুদ থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?
   ক) ব্যবসায়িক ঝুঁকি   খ) আর্থিক ঝুঁকি
   গ) বাজার ঝুঁকি   ঘ) মোট ঝুঁকি

২৮. একক ঝুঁকি কোন ঝুঁকির অংশ?
   ক) বাজার ঝুঁকি   খ) ব্যবসায়িক ঝুঁকি
   গ) মোট ঝুঁকি   ঘ) আর্থিক ঝুঁকি

২৯. কোথায় প্রতিষ্ঠানের নগদ প্রবাহ ঘটে?
   i. বিক্রয় থেকে
   ii. চলতি খরচ থেকে
   iii. মূলধনী ব্যয় থেকে
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩০. জনাব কবির ৫ বছরের জন্য ৮০ লক্ষ টাকা একটি প্রকল্পে বিনিয়োগ করলেন। তার গড় বিনিয়োগ কত লক্ষ টাকা হবে?
   ক) ৮০   খ) ৬০
   গ) ৫০   ঘ) ৪০

১	ঘ	২	গ	৩	ক	৪	ঘ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	ঘ	৯	খ	১০	ক	১১	খ	১২	খ	১৩	ক	১৪	খ	১৫	গ
১৬	খ	১৭	ঘ	১৮	খ	১৯	ক	২০	খ	২১	ক	২২	ঘ	২৩	খ	২৪	খ	২৫	ক	২৬	খ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	ঘ